জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং ০৫(৫৩৩) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২৩/৫২৭৪ তারিখ : ১৩/০১/২০২৫

২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার কেন্দ্রের প্রতি বিশেষ নির্দেশাবলী :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত পরীক্ষা কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক বিশেষ নির্দেশাবলী নিম্নরুপ:

- ✓ পরীক্ষা কমিটি পরীক্ষার দিন ট্রেজারী থেকে কেন্দ্রে বরাদ্দকৃত প্রশ্নপত্রের প্যাকেট গ্রহণের সময় সময়সূচী অনুযায়ী সঠিক প্রশ্নপত্রের প্যাকেট গ্রহণের বিষয়টি নিশ্চিত করবেন। পরীক্ষা কেন্দ্রে প্রশ্নপত্রের প্যাকেট উন্মুক্ত করার (প্যাকেট কাটার) পূর্বে সঠিক কোর্স/কোডের প্রশ্নপত্রের প্যাকেট আছে কিনা তা নিশ্চিত হবার জন্য প্রতিটি প্যাকেট যাচাই করে নিশ্চিত হয়ে প্যাকেট উন্মুক্ত করবেন। পরীক্ষার সময়সূচীর বাইরে অন্য কোন কোর্স/কোডের প্রশ্নের প্যাকেট খোলা হ'লে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং পরীক্ষা কমিটির সদস্যগণের উপর বর্তাবে এবং এ জন্য তাদের বিরুদ্ধে নিয়মানুযায়ী ব্যবস্থা নেয়া হবে।
- ✓ প্রায়ই হাজিরাপত্রে, উত্তরপত্র OMR ফরমের ক্রমিক নম্বর, রোল নম্বর, রেজিঃ নম্বর, কোর্স/কোড নম্বর ভুল থাকে। এ কারণে সাঠিকভাবে তথ্য যাচাই পূর্বক পরীক্ষার হাজিরাপত্র এবং উত্তরপত্রে কক্ষপরিদর্শক স্বাক্ষর করেন।
- ✓ কিছু কিছু উত্তরপত্রের বান্ডেলের উপরের বোর্ডে উল্লেখিত বান্ডেল লেবেলে বিষয় ও কোর্স কোডের সাথে বান্ডেলের ভিতরের উত্তরপত্রের বিষয় ও কোর্স/কোড ভিন্ন পাওয়া যায়।
- ✓ বহিস্কৃত পরীক্ষার্থীর Report ফরম ও বহিস্কৃত উত্তরপত্র যথাযথভাবে পূরণ ও প্রেরণ করা হয় না। Report এ বহিস্কারের কারণ সুস্পষ্টভাবে উল্লেখ করে Reported উত্তরপত্র ও Report ফরম একত্রে পাঠাতে হবে।
- ✓ পরীক্ষার্থী উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র জমা না দিয়ে যেন হল ত্যাগ করতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। পরীক্ষা শেষে কাল বিলম্ব না করে উত্তরপত্র ও OMR এর সংখ্যা মিলিয়ে পৃথকভাবে প্যাকেট ও গালাসীল করে প্রেরণ করতে হবে।
- ✓ ভূয়া পরীক্ষার্থীর প্রবেশ রোধকল্পে মূল প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড ছাড়া অন্য কাউকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া যাবে না।
- ✓ মোবাইল ফোন নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ শাস্তিযোগ্য অপরাধ এ বিষয়টি পরীক্ষার্থীদের জানাতে হবে।
- ✓ পরীক্ষা হলে নকল প্রতিরোধে প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রয়োজনে জেলা প্রশাসনের সহযোগিতা গ্রহণ করতে হবে। পরীক্ষার পরিবেশ বিঘ্নিত হওয়ার আশংকা থাকলে উপর্যুক্ত প্রমাণসহ (নকলের কপি, ছবি ইত্যাদি) পরীক্ষার্থীর রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও শিক্ষাবর্ষ উল্লেখ করে গোপনীয় প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। পরীক্ষা সংক্রান্ত অপরাধ এবং এর শাস্তি সংক্রান্ত বিধান (যা একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত) এই সাথে সংযুক্ত করা হলো। এ বিধান নোটিশ বোর্ড-এ প্রদর্শনসহ সকল শিক্ষক এবং পরীক্ষার্থীদের অবহিত করতে হবে।

উত্তরপত্রের বান্ডেল লেবেলে (টপশিটে) বিষয় ও কোর্স/কোড নম্বর দেখে পরীক্ষককে উত্তরপত্র দেওয়া হয়। উত্তরপত্রের বান্ডেল লেবেলে (টপশিটে) বিষয় ও কোর্স/কোড ভুল হলে উত্তরপত্র গ্রহণ করে বাড়ীতে নিয়ে খোলার পর পরীক্ষক বুঝতে পারেন তিনি ভুল উত্তরপত্র পেয়েছেন। ফলে উত্তরপত্র মূল্যায়ন এবং ফলাফল প্রকাশের প্রক্রিয়া বিলম্বিত হয়। উত্তর পত্রের বান্ডেল তৈরীর সময় বান্ডেল লেবেলে(টপশিটে) সঠিক বিষয় ও কোর্স/কোড দেখে এবং সে অনুযায়ী উত্তরপত্র প্যাকেট করার বিষয়টি পরীক্ষা কমিটি নিশ্চিত করবেন।

উপরে উল্লেখিত নির্দেশাবলী মেনে পরীক্ষা গ্রহণ এবং উত্তরপত্র প্রেরণে সংশ্লিষ্টদের আরো অধিক সতর্ক থাকার বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৩/০১/২৫
(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল ঃ controller@nu.ac.bd

পরীক্ষা শৃঙ্খলা সম্পর্কিত অপরাধঃ

ক) পরীক্ষা কক্ষে একে অপরের সাথে যোগাযোগ করা ও কথাবার্তা বলা;
খ) পরীক্ষা কক্ষে ধূমপান করা;
গ) পরীক্ষার হলে মোবাইল ফোন বা কোন ইলেক্ট্রনিক্স সামগ্রী বহন;
ঘ) দূষণীয়/অননুমোদিত কাগজপত্র সঙ্গে রাখা;
ঙ) দূষণীয়/অননুমোদিত কাগজপত্র হতে উত্তরপত্রে লেখা;
চ) প্রশ্নপত্রে উত্তর লিখা/প্রশ্নপত্রে লেখা উত্তর হতে উত্তরপত্রে লেখা;
ছ) পরীক্ষার হলে মোবাইল ফোন বা কোন ইলেক্ট্রনিক্স সামগ্রী ব্যবহার করে উত্তরপত্রে লেখা;
জ) পরীক্ষা কক্ষের নির্দিষ্ট স্থানের পরিবর্তে অবৈধভাবে অন্য স্থানে আসন গ্রহণ করা;
ঝ) ডেক্স, বেঞ্চ, কাপড়, শরীরের অঙ্গ-প্রতঙ্গ, ব্ল্যাকবোর্ড, কক্ষের দেওয়াল বা অন্য কিছুতে লেখা এবং সেখান থেকে উত্তরপত্র লেখা;
ঞ) উত্তরপত্রে অস্বাভাবিক, আপত্তিকর কিছু লিখা, অযৌক্তিক কোন মন্তব্য করা অথবা উত্তরপত্রের মধ্যে টাকা রাখা;
ট) রোল নম্বর পরিবর্তন/পরস্পর রোল নম্বর বিনিময় করা (উত্তরপত্র একে অপরের সাথে পরিবর্তন);
ঠ) মিথ্যা অজুহাত দেখিয়ে বিশেষ সুবিধা গ্রহণ/সুবিধা গ্রহণের চেষ্টা করা;
ড) মিথ্যা পরিচয় প্রদান করে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণ করা;
ঢ) পরীক্ষার কক্ষ হতে উত্তরপত্র বাইরে পাচার করা বা বাইরে থেকে লেখা উত্তরপত্র সংযোজন করা;
ণ) উত্তরপত্রের কভার পৃষ্ঠা পরিবর্তন করা;
ত) ইনভিজিলেটরের নিকট উত্তরপত্র দাখিল না করে পরীক্ষার হল ত্যাগ করা, ইনভিজিলেটর কর্তৃক চাহিবামাত্র দূষণীয় কাগজপত্র প্রদান না করে তা নাগালের বাইরে ফেলা/ফেলে দেওয়ার চেষ্টা করা/গিলে ফেলা;
থ) উত্তরপত্র বিনষ্ট করা/ছিড়ে ফেলা, দূষণীয় কাগজপত্র/দ্রব্যাদি, উত্তরপত্র বা প্রবেশপত্র ইত্যাদি যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করতে অস্বীকৃতি জ্ঞাপন করা বা জব্দ করার ক্ষেত্রে কোনরুপ বাধা সৃষ্টি করা;
দ) পরীক্ষা কক্ষে পরীক্ষার কাজে নিয়োজিত ইনভিজিলেটর/কর্তব্যরত ব্যক্তি সম্পর্কে কটুক্তি, গালাগাল, তাঁর সাথে অসদাচরণ বা তাঁকে কোনরুপ ভীতি প্রদর্শন করা। পরীক্ষার দায়িত্বে নিয়োজিত কোন ব্যক্তি/ব্যক্তিবর্গকে পরীক্ষাল হলে বা হলের বাইরে লাঞ্ছিত করা বা লাঞ্ছিত করার চেষ্টা করা। পরীক্ষা চলাকালীন পরীক্ষার কক্ষে কেন্দ্র চত্বর বা বাইরে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি, স্থানীয় প্রশাসনের কর্মকর্তা অথবা পরীক্ষা পরিচালনার সাথে জড়িত কোন ব্যক্তির সাথে অসদাচরণ করলে বা তাঁকে দৈহিক আক্রমন করলে;
ধ) সুষ্টভাবে পরীক্ষা অনুষ্ঠানে কোনরুপ বাধা সৃষ্টি, গোলযোগ সৃষ্টি, অন্যকে পরীক্ষায় অংশগ্রহণে বাধা প্রদান, অন্য পরীক্ষার্থীকে পরীক্ষার হল ত্যাগে বাধ্য না উস্কানি প্রদান, পরীক্ষা কক্ষ ভাংচুর, আসবাবপত্র ভাংচুর করা বা আগুন দেওয়া।

শাস্তিমূলক ব্যবস্থা:

ক) পরীক্ষা সংক্রান্ত উল্লিখিত অপরাধের জন্য পরীক্ষা শৃঙ্খলা কমিটি নিম্নবর্ণিত শাস্তির সুপারিশ করতে পারবে:

ক্রমিক নং	অপরাধ	শাস্তি
১	ক - ঘ পর্যন্ত বর্ণিত অপরাধের জন্য	সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিল
২	ঙ - ঞ পর্যন্ত বর্ণিত অপরাধের জন্য	সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিলসহ পরবর্তী ০১ (এক) বছর পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৩	ট - ঠ পর্যন্ত বর্ণিত অপরাধের জন্য	সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিলসহ পরবর্তী (পরপর) ০২ (দুই) বছর পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৪	ড - ণ পর্যন্ত বর্ণিত অপরাধের জন্য	সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিলসহ পরবর্তী (পরপর) ০৩ (তিন) বছর পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৫	ত - ধ পর্যন্ত বর্ণিত অপরাধের জন্য	সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিলসহ পরবর্তী (পরপর) ০৪ (চার) বছর পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৬	ন - বর্ণিত অপরাধের জন্য	শৃঙ্খলা কমিটি অপরাধের মাত্রা বিবেচনা করে সিদ্ধান্ত দেবে।

খ) পরীক্ষার্থীর কোন অপরাধ উপর্যুক্ত শাস্তির আওতায় না পড়লে পরীক্ষা শঙ্খলা কমিটি অপরাধের প্রকৃতি বিবেচনা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করবে।